# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং : মাধ্য/পনি/বৃত্তি-২০২৬/৭২ তারিখ : ২৫-০৮-২০২৬ খ্রি.

## ২০২৬ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অধীন অনুমোদিত সকল মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র বৃত্তি পরীক্ষার online এ পরীক্ষার্থী নির্বাচন, প্রয়োজনীয় ফিস বোর্ডে জমা দেয়ার তারিখ, ফিসের হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.jessoreboard.gov.bd) ভিজিট করে Our Services থেকে Institute Panel এ ক্লিক করে EIIN ও Password দিয়ে Login করে বামপাশের মেন্যুবার থেকে "Probable List (Scholarship Eight-2026)" থেকে মেন্যুতে ক্লিক করলে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) পাওয়া যাবে।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | অনলাইনে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা প্রকাশ | ৩১-০৮-২০২৬ |
| (খ) | অনলাইনে ফরমপূরণ | ০১-০৯-২০২৬ হতে ১২-০৯-২০২৬ |
| (গ) | অনলাইনে ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ : | ১৩-০৯-২০২৬ |
| (ঘ) | পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা হারে অনলাইনে ফি জমা দিতে হবে : | |
| (ঙ) | কেন্দ্র ফি পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা<br>(কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করতে হবে)। | |

পরীক্ষার মাধ্যম :

১। বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয় কোড ও পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তরে হাতে হাতে ১০-০৯-২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

২। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন :** কোনো অবস্থাতেই এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতা/অভিভাবকের বদলির/যুক্তিসংগত অন্য কোনো কারণে নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৫ এর নীতিমালার আলোকে তার ফরমপূরণ করতে হবে।

৩। **পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ :** নিম্নের ০৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

| | | |
|---|---|---|
| ক) | বাংলা-১০১ | পূর্ণমান-১০০ |
| খ) | ইংরেজি-১০৭ | পূর্ণমান-১০০ |
| গ) | গণিত-১০৯ | পূর্ণমান-১০০ |
| ঘ) | বিজ্ঞান-১২৭ | পূর্ণমান-৫০ |
| ঙ) | বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১৫০ | পূর্ণমান-৫০ |

৪। জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের ভিত্তিতে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫। জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬-এর ফরমপূরণ স্থগিত এবং সময় হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫-০৮-২০২৬

প্রফেসর এস. এম. হোসেন আলী
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক
মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অপর পাতায়-

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং : মাধ্য/পনি/বৃত্তি-২০২৬/৭২ তারিখ : ২৫-০৮-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
২। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ।
৫। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ ।
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৭। পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, যশোর শিক্ষা বোর্ড কম্পিউটার সেল, যশোর।
৯। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল।
১০। এ বোর্ডের অধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১১। এ বোর্ডের অধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১২। সংরক্ষণ নথি।

২৫-০৮-২০২৬
প্রফেসর এস. এম. হোসেন আলী
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd